

নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.০২.০০৪.১৮.৩

তারিখ: ৭ বৈশাখ ১৪২৯

২০ এপ্রিল ২০২২

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: "সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অগ্রিম অর্থ উত্তোলন।

সূত্র: ০৭.০০.০০০০.১০২.২০.০২১.১৮-১১, তারিখ: ০৯/০১/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, "সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (কোড নং ২২৪০১২১০০) আওতায় প্রশিক্ষণ, ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্স এবং স্ট্যাডিস এন্ড সাব কন্ট্রাক্ট/গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে চলতি ২০২১-২০২২ অর্থবছরের এ.ডি.পি. বরাদ্দ থেকে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে ২য় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর/২০২১ প্রান্তিক) প্রশিক্ষণ (কোড-৩২৩১৩০১), ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্স (কোড-৩২১১১১১) এবং স্ট্যাডিস এন্ড সাব কন্ট্রাক্ট/গবেষণা ব্যয় (কোড: ৩২৫৭১০৩ আয়োজনের নিমিত্ত যথাক্রমে ৩৫০০.০০ লক্ষ (পঁয়ত্রিশ কোটি), ২০.০০ লক্ষ (বিশ লক্ষ) এবং ৩০.০০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর সুপারিশ ও অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

ক. প্রশিক্ষার্থী/অংশগ্রহণকারী, রিসোর্স পার্সন/প্রশিক্ষক, কোর্স পরিচালক-এর সম্মানী/ভাতা ও আপ্যায়ন ইত্যাদি ব্যয় নির্বাহের ক্ষেত্রে অর্থ বিভাগের ১২.০১.২০১৭ খ্রি: তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৪.২০১০-১৮ নং পরিপত্রে উল্লিখিত হার অনুসরণ করতে হবে;

খ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;


গ. অগ্রিম উত্তোলিত অর্থ পরবর্তী উত্তোলনের প্রস্তাব প্রেরণের পূর্বে অথবা ৩০শে জুন ২০২২ তারিখের মধ্যে বিল/ভাউচারের মাধ্যমে সমন্বয় করতে হবে ;

ঘ. অগ্রিম উত্তোলিত অর্থের মধ্যে অব্যয়িত/অসমন্বিত অর্থ আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

ঙ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০২। অর্থ বিভাগের ০৯/০১/২০২২ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১০২.২০.০২১.১৮-১১ নং স্মারকের প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

...



২০-৪-২০২২

এস. এম. ইমরুল হাসান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৪০৬১৪

ইমেইল:

planning.sec4@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.০২.০০৪.১৮.৩/১(৫)

তারিখ: ৭ বৈশাখ ১৪২৯
২০ এপ্রিল ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর ও প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (১ম সংমোদিত) প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।
- ২) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (১ম সংমোদিত) প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩) উপসচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২০-৪-২০২২

এস. এম. ইমরুল হাসান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)